



শাহজালাল ফার্টাইলাইজার কোম্পানী লিমিটেড

SHAHJALAL FERTILIZER COMPANY LIMITED

(রাষ্ট্রপতির আদেশ নং ২৭, ১৯৭২এর অধীনে গঠিত বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন এর একটি সরকারী মালিকানাধীন কোম্পানী)

পোস্টঃ এফ, এফ, ফার্টাইলী ৩১১৭, ফেঞ্চুগঞ্জ উপজেলা, সিলেট, বাংলাদেশ।



সূত্র নং-৩৬.০০১.০০০.০৫.২৫-১.০২০৪.২০২০/৫৬৭২

তারিখঃ- ১৩/০৬/২০২০ খ্রিঃ।

অভিনন্দন


শাহজালাল ফার্টাইলাইজার কোম্পানী লিমিটেড দেশের সর্ববৃহৎ ও অত্যাধুনিক সারকারখানা। নতুন কারখানা পরিচালনার ক্ষেত্রে দৃশ্যমান ও অদৃশ্যমান নানা রকম যান্ত্রিক ও কারিগরী সমস্যার সম্মুখীন হতে হয়। তথাপিও কারখানাটি ১২-০৬-২০২০ খ্রিস্টাব্দে ২০১৯-২০২০ অর্থ বছরের নির্ধারিত বার্ষিক উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জন করতে সক্ষম হয়েছে।

এজন্য মহান আল্লাহ তাআলার কাছে শোকরিয়া ও কৃতজ্ঞ।

বিভিন্ন প্রতিকূলতা ও চড়াই উৎরাই পেরিয়ে এ সাফল্য অর্জন সম্ভব হলো। এ সাফল্যের ধারক ও বাহক কারখানায় কর্মরত সবাই। কারখানার প্রতি গভীর মমত্ববোধ, সমন্বিত কর্মপ্রচেষ্টা, দায়িত্ব ও কর্তব্যের প্রতি দায়বদ্ধতা, পরস্পরের মধ্যে সু-সম্পর্ক এবং সর্বোপরি সকলে তাদের শ্রম, মেধা ও সময় দিয়ে এ সাফল্য অর্জন করতে সার্বিকভাবে সহায়তা করেছে। কারখানার উৎপাদন লক্ষ্যমাত্রা অর্জনের এ শুভলগ্নে আমি কারখানায় কর্মরত সকল স্তরের শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সকলকে জানাই আমার আন্তরিক অভিনন্দন এবং শুভেচ্ছা।

আমার দৃঢ় বিশ্বাস, এ কারখানার প্রতি প্রত্যেকের মমত্ববোধ, সমন্বিত কর্মপ্রচেষ্টা এবং দায়িত্ব ও কর্তব্যের প্রতি আরও যত্নবান হওয়ার মাধ্যমে আগামীতেও আমরা এ কারখানার উৎপাদন ও বিক্রয়ের কাঙ্ক্ষিত লক্ষ্যমাত্রা অর্জনে সক্ষম হবো ইন-শাহ্ আল্লাহ।

মহান আল্লাহ আমাদের সহায় হউন।


(মোঃ মফিজুর রহমান)
ব্যবস্থাপনা পরিচালক।

বিতরণঃ- সাধারণ।

অনুলিপিঃ-

- ১। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, এসএফসিএল, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ২। সকল বিভাগীয়/শাখা প্রধান, -এ-
- ৩। সভাপতি/সাধারণ সম্পাদক, এসএফসি শ্রমিক-কর্মচারী ইউনিয়ন, ফেঞ্চুগঞ্জ, সিলেট।
- ৪। সভাপতি/সাধারণ সম্পাদক, এসএফসিএল কর্মকর্তা কল্যান সমিতি, -এ-
- ৫। নথি।